

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নথি নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০৬.০০৯ (সমন্বয়)/২০১৩ (খন্ড-১).১২০

তারিখ : ০৫.০৩.২০১৮খ্রি:

বিষয় : তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রেরণ।


সূত্র : ১. ৩৭.০০.০০০০.০৮৬.০৩৮.০০২.১৭-৪১ তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি:।
২. ৩৭.০০.০০০০.০৮৬.০৩৮.০০৩.১৬-৬০ তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে মুন্সী মো: মহসিন শাহীন, পিতা-মুন্সী রহমত আলী, শেখ বোরহানউদ্দিন কলেজ, ৬২, নাজিমুদ্দিন রোড, ঢাকা কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লেখ করা হয়েছে “ ৪ঠা ফেব্রুয়ারি ২০১০ এর জনবল কাঠামোতে ৯৫ এর জনবল কাঠামোর HSC (BM) শাখার কম্পিউটার ডেমো: কাম-মেকানিক পদটি পরিবর্তনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগ প্রবিধানমালা প্রণয়ন সংক্রান্ত চেক লিস্টের ৯নং বিধি অনুসারে জনপ্রশাসন ও অর্থ বিভাগের অনুমোদনের কপি। পদ পরিবর্তনের পূর্বে নিয়োগপ্রাপ্তরা বর্তমান প্রচলিত জনবল কাঠামো অনুযায়ী বেতন ভাতা প্রাপ্তি হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা।”

২.০ উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগের ১২ আগস্ট, ২০১৪ তারিখের পত্রের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের ০৮ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে জারিকৃত পরিপত্র অনুসারে কারিগরি শিক্ষা অধিদপ্তর বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনলাইন এম.পি.ও বিতরণ কার্যক্রম গ্রহণ করবে।

৩.০ এমতাবস্থায়, মুন্সী মো: মহসিন শাহীন কর্তৃক চাহিত পদ পরিবর্তনের পূর্বে HSC (BM) শাখার কম্পিউটার ডেমো: কাম-মেকানিক পদে নিয়োগপ্রাপ্তরা বর্তমান প্রচলিত জনবল কাঠামো অনুযায়ী বেতন ভাতা প্রাপ্তি হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের এখতিয়ার কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিধায় জরুরিভিত্তিতে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক


(নুররাত জাবীন বানু)
যুগ্মসচিব
ফোন-৯৫৪০৫১৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা
(দু: আ:-পরিচালক (ভোকেশনাল)।

অনুলিপি :

১. উপসচিব অধিশাখা- (সংসদ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মুন্সী মো: মহসিন শাহীন, পিতা-মুন্সী রহমত আলী, শেখ বোরহানউদ্দিন কলেজ, ৬২, নাজিমুদ্দিন রোড, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব(মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।